গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
রাঙ্গাবালী, পটুয়াখালী
www.rangabali.patuakhali.gov.bd

"উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র"

স্মারক নং-০৫.১০.৭৮৯৭.০০২.১১.০৩.২০১৯- ৬১ তারিখঃ ০৫-০২-২০২০ খ্রি.

খেয়াঘাট ইজারার দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, রাঙ্গাবালী উপজেলার নিম্ন বর্ণিত সরকারি খেয়াঘাট সমূহ বাংলা ১৪২৭ সালের ০১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত সময়ের জন্য অনুমোদিত টোলের হার ও নিম্ন বর্ণিত শর্ত সাপেক্ষে ইজারা বন্দোবস্ত প্রদানের নিমিত্ত আগ্রহী ব্যক্তিদের নিকট হতে নির্ধারিত ফরমে সীলমোহরযুক্ত দরপত্র আহ্বান করা যাচ্ছে। দরপত্র সংক্রান্ত নির্ধারিত ফরম, প্রয়োজনীয় কাগজপত্র এবং শর্তাবলী নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয় এবং জেলা প্রশাসকের কার্যালয়, পটুয়াখালী হতে নির্ধারিত মূল্য জমা প্রদান পূর্বক দরপত্র দাখিলের আগের দিন বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত সংগ্রহ করা যাবে। খেয়াঘাটের দরপত্র ফরম নির্ধারিত তারিখের মধ্যে জেলা প্রশাসক, পটুয়াখালী এবং উপজেলা নির্বাহী অফিসার, রাঙ্গাবালী এর কার্যালয় রক্ষিত দরপত্র বাক্সে দাখিল করতে হবে। প্রাপ্ত সকল দরপত্র উল্লিখিত তারিখ বেলা ৪.০০ ঘটিকায় উপস্থিত দরদাতাদের সম্মুক্ষে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

ক্রম.	খেয়াঘাটের নাম	অবস্থান		বাংলা ১৪২৭ সালে সম্ভাব্য ইজারা মূল্য	দরপত্র ফরমের মূল্য (অফেরত যোগ্য)
		মৌজা	ইউনিয়ন		
০১	রাঙ্গাবালী-চরগংগা খেয়াঘাট	কাছিয়াবুনিয়া-চরগংগা	রাঙ্গাবালী-বড়বাইশদিয়া	৬,২৬,৩৯০/-	২,০০০/-
০২	কাজির হাওলা-চরগংগা খেয়াঘাট	কাজির হাওলা- চরগংগা	রাঙ্গাবালী-বড়বাইশদিয়া	৩৭,৮৩০/-	৫০০/-
০৩	কোড়ালিয়া-চর ইমারশন খেয়াঘাট	কোড়ালিয়া-চরইমারশন	ছোটবাইশদিয়া-বড়বাইশদিয়া	২,১১,০৯৫/-	১,০০০/-
০৪	মৌডুবী-তুলাতলী-কাছিয়াবুনিয়া খেয়াঘাট	মৌডুবী-কাছিয়াবুনিয়া	বড়বাইশদিয়া- রাঙ্গাবালী	৭৭,৫৩৩/-	৭০০/-
০৫	চরমোন্তাজ-চরআন্ডা খেয়াঘাট	চরমোন্তাজ-চরআন্ডা	চরমোন্তাজ-রাঙ্গাবালী	৬০,৩৭১/-	৫০০/-
০৬	ফুলখালী-হালিমচর খেয়াঘাট	ফুলখালী-হালিমচর	ছোটবাইশদিয়া-বড়বাইশদিয়া	৩৫,৫৮৩/-	৫০০/-
০৭	মৌডুবি-নিচকাটা খেয়াঘাট	মৌডুবি-নিচকাটা	বড়বাইশদিয়া	৬,০০০/-	৫০০/-
০৮	কোড়ালিয়া-চালিতাবুনিয়া খেয়াঘাট	কোড়ালিয়া-চালিতবুনিয়া খেয়াঘাট	চালিতাবুনিয়া	২২,০০০/-	৫০০/-

দরপত্র সিডিউল ক্রয় এবং দাখিলের তারিখসহ খোলার তারিখ ও সময়ঃ

১ম বার দরপত্র ফরম ক্রয়ের তারিখ	১ম বার দরপত্র ফরম দাখিল ও খোলার তারিখ ও সময়	২য় বার দরপত্র ফরম ক্রয়ের তারিখ	২য় বার দরপত্র ফরম দাখিল ও খোলার তারিখ ও সময়	৩য়বার দরপত্র ফরম ক্রয়ের তারিখ	৩য়বার দরপত্র ফরম দাখিল ও খোলার তারিখ ও সময়
১১-০২-২০২০ খ্রি. তারিখ হতে ১৯-০২-২০২০ খ্রি. তারিখ পর্যন্ত	২০-০২-২০২০ সকাল ৯.০০ হতে দুপুর ২.০০ টা পর্যন্ত খোলাঃ বিকেল ৪.০০ টা।	২৩-০২-২০২০ খ্রি. তারিখ হতে ০২-০৩-২০২০ খ্রি. তারিখ পর্যন্ত	০৩-০৩-২০২০ খ্রি. সকাল ৯.০০ হতে দুপুর ২.০০ টা পর্যন্ত খোলাঃ বিকেল ৪.০০ টা।	০৪-০৩-২০২০ খ্রি. তারিখ হতে ১১-০৩-২০২০ খ্রি. তারিখ পর্যন্ত	১২-০৩-২০২০ সকাল ৯.০০ হতে দুপুর ২.০০ টা পর্যন্ত খোলাঃ বিকেল ৪.০০ টা।

এখানে উল্লেখ্য যে, ১ম ডাক গ্রহণযোগ্য না হলে ২য় ডাক বলবৎ হবে। ২য় ডাক গ্রহণযোগ্য না হলে ৩য় ডাক বলবৎ হবে এবং ১ম দরপত্র পাওয়া গেলে এবং দাখিলকৃত দরপত্র অনুমোদিত হলে ২৩.০২.২০২০ তারিখে ঐ হাটবাজারটির নাম দরপত্র বিজ্ঞপ্তি থেকে বাদ দেয়া হয়েছে বলে গণ্য হবে। ২য় বার দরপত্র পাওয়া গেলে এবং দাখিলকৃত দরপত্র অনুমোদিত হলে ০ ৪.০৩.২০২০ খ্রি. তারিখে ঐ হাটবাজারটির নাম দরপত্র বিজ্ঞপ্তি থেকে বাদ দেয়া হয়েছে বলে গণ্য করতে হবে।

শর্তাবলীঃ

১। বাংলা ১৪২৭ সালের ১লা বৈশাখ হইতে ৩০ শে চৈত্র পর্যন্ত ০১ (এক) বছর মেয়াদ কালের জন্য খেয়াঘাট ইজারা দেয়া হবে।

২। দরপত্রের সাথে দরপত্রে উদ্ধৃত মূল্যের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসাবে যে কোন তফসিল ভূক্ত ব্যংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, রাঙ্গাবালী এর বরাবর জমাদান করতে হবে। ইহার অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলিয়া গন্য হবে। উক্ত টাকা হইতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করতে হবে। এবং বাকি ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত খেয়াঘাট নিজ খরচে পরিষ্কার না করলে অন্য কোন ক্ষতি সাধন করিলে উক্ত জামানত হইতে তাহা মিটানো হইবে। বছর সমাপন্তে অব্যবহারিত টাকা জমাকারীর বরাবর প্রত্যার্পণ করা হইবে।

৩। যাহার দরপত্র গৃহীত হবে দরপত্র সংবাদ অবহিত হওয়ার ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লেখিত দরের অবশিষ্ট ৭৫% অর্থ মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ৫% আয়কর এবং ১৫% ভ্যাট অবশ্যই একই সঙ্গে পরিশোধ করতে হবে। অন্যথায় খেয়াঘাটের জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্ত পূর্বক পূনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

৪। প্রাপ্ত দরপত্রে সর্বোচ্চ দর গ্রহন করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট খেয়াঘাট সরকারি মূল্যের কম হয় তাহা হইলে পূনরায় দরপত্র আহব্বান করা হবে।

৫। ইজারাদারগন কোন ক্রমেই খেয়াঘাট অন্যের নিকট সাব-লীজ দিতে পারবে না এবং প্রতিদিন ভোর ৫.০০ টা হতে রাত ১০.০০ টা পর্যন্ত যাত্রী পারাপার করতে হবে এবং রাতে উপযুক্ত আলোর ব্যবস্থা করতে হবে।

৬। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়কর) সহ পরিশোধের ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে ২৫০ (দুইশত পঞ্চাশ) টাকার ননজুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

৭। খেয়াঘাটের ইজারার টাকা সরকারি দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।

৮। পারাপারের জন্য অনুমদিত হারের অতিরিক্ত কোন অর্থ আদায় করা যাবে না। যদি অতিরিক্তি অর্থ আদায় প্রমাণিত হয় তবে সংশ্লিষ্ট সময়ের ইজারা মূল্যসহ ইজারা বন্দোবস্ত বাতিল করে পূনরায় খেয়াঘাট ইজারা দেয়া হবে।

৯। দরপত্রের আবেদন ফরম বিজ্ঞপ্তিতে উল্লেখিত তারিখে প্রতিদিন অফিস চলাকালীন সময়ে জেলা প্রশাসকের কার্যালয়, পটুয়াখালী, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, রাঙ্গাবালী হইতে নির্ধারিত মূল্যে সংগ্রহ করা যাবে। দরপত্র ফরমের মূল্য অফেরতযোগ্য।

১০। দরপত্র সংক্রান্ত বিস্তারিত তথ্যাদি/শর্তাবলী দরপত্র ফরমের সাথে সংযুক্ত থাকবে ।

১১। অসম্পূর্ন ও ত্রুটিপূর্ন দরপত্র গ্রহনযোগ্য হবে না। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে জনস্বার্থে যে কোন অথবা সকল দরপত্র গ্রহন কিংবা বাতিল করার ক্ষমতা সংরক্ষন করেন।

১২। খামের উপর দরদাতার নাম, ঠিকানা ও হাট-বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে এবং দরপত্র ফরমের সাথে অবশ্যই জাতীয় পরিচয় পত্রের ফটোকপি সংযুক্ত করতে হবে।

১৩। চুক্তি পত্রের যে কোন শর্ত লঙ্ঘন করা হলে ইজারা বাতিল করা যাবে ।

১৪। উল্লেখিত সকল শর্ত, কবুলিয়তের শর্তসহ সরকারি সংশ্লিষ্ট সকল শর্তাবলী বা আইন ইজারাদার মেনে চলতে বাধ্য থাকবেন। যদি কেউ উল্লেখিত শর্তাবলী বা আইন ভঙ্গ করে তবে ইজারা মূল্য ও অন্যান্য জামাকৃত করের অর্থ বাজেয়াপ্ত করে ঘাটটি পূনরায় দরপত্রের মাধ্যমে ইজারা দেয়া হবে ও দন্ডবিধি অনুসারে দন্ডনীয় হবেন।

মো: মাশফাকুর রহমান
উপজেলা নির্বাহী অফিসার
রাঙ্গাবালী, পটুয়াখালী।

স্মারক নং-০৫.১০.৭৮৯৭.০০২.১১.০৩.২০১৯- ৬১ তারিখঃ ০৫-০২-২০২০ খ্রি.

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও বহুল প্রচারের জন্য অনুরোধ সহকারে প্রেরণ করা হ'ল:

১। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।
৩। জেলা প্রশাসক, পটুয়াখালী।
৪। পুলিশ সুপার, পটুয়াখালী।
৫। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), পটুয়াখালী।
৬। উপজেলা নির্বাহী অফিসার, পটুয়াখালী সদর/ বাউফল/ গলাচিপা/ কলাপাড়া/ মির্জাগঞ্জ/ দশমিনা/ দুমকি, পটুয়াখালী।
৭। উপজেলা ..... অফিসার, রাঙ্গাবালী, পটুয়াখালী।
৮। অফিসার ইন চার্জ, রাঙ্গাবালী থানা।
৮। ম্যানেজার, কৃষি ব্যাংক/ রুপালী ব্যাংক, রাঙ্গাবালী শাখা।
৯। চেয়ারম্যান, ... ইউ.পি, রাঙ্গাবালী
১০। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ইউনিয়ন ভূমি অফিস, রাংগাবালী/ চালিতাবুনিয়া/ চরমোন্তাজ।
১১। জনাব ..... পিতা-.....সাং.....
উপজেলা ..... জেলা পটুয়াখালী ও ইজারাদার..... খেয়াঘাট, বাংলা ১৪২৪/১৪২৫/১৪২৬ সাল।
১২। সম্পাদক, দৈনিক ..... (বহুল প্রচারের জন্য আপনার পত্রিকায় ১২``×৪`` সাইজে প্রকাশের জন্য অনুরোধ করা হ'ল।)

উপজেলা নির্বাহী অফিসার
রাংগাবালী, পটুয়াখালী।